ফিফা ফ্রেন্ডলি খেলতে চিন পৌঁছোল ভারত

সুঝাও, ১০ অক্টোবর ঃ ১৩ অক্টোবর চিনের বিরুদ্ধে ফিফা ফ্রেন্ডলি ম্যাচ খেলতে সুঝাও পৌঁছে গেল ভারতীয় ফুটবল দল। জানুয়ারিতে এশিয়া কাপের প্রস্তুতির জন্যই চিনের বিরুদ্ধে প্রীতি ম্যাচ খেলার সিদ্ধান্ত নিয়েছিল সর্বভারতীয় ফুটবল সংস্থা। এই ম্যাচ নিছক যে একটা ফিফা ফ্রেন্ডলি ম্যাচ নয় তা আগেই উল্লেখ করেছেন ভারতীয় দলের কোচ স্টিফেন কনস্ট্যানটাইন। জাতীয় দলের কোচ জানিয়েছেন, 'চিন অবশ্যই শক্তিশালী প্রতিপক্ষ। বিগত কয়েক বছরে এই দেশটি খুব ভালো ফুটবল খেলছে। চিনের বিরুদ্ধে পারফরম্যান্স বলে দেবে দলের শক্তি ও দুর্বলতা।' অন্যদিকে, ভারতীয় দলের ফুটবলার প্রীতম কোটাল জানিয়েছেন, এশিয়া কাপের আগে আমাদের আরও শক্তিশালী প্রতিপক্ষের বিরুদ্ধে ম্যাচ খেলা উচিত। আগামী ১৩ তারিখ চিনের বিরুদ্ধে ম্যাচে আমরা নিজেদের সেরাটা দিতে প্রস্তুত। আগামী শনিবার সুঝাও শহরে সিটি সেন্টার অলিম্পিক স্টেডিয়ামে ম্যাচ খেলতে নামবে ব্লু-ব্রিগেড। এই প্রথমবার চিনের মাটিতে ম্যাচ খেলবে ভারত। এর আগে নিজেদের ঘরের মাঠে ১৯৯৭ সালে নেহরু কাপে চিনের বিরুদ্ধে শেষ ম্যাচ খেলেছিল ভারত। ২১ বছর পর তাই এক ঐতিহাসিক ম্যাচের অপেক্ষায় ভারতীয় ফুটবলপ্রেমীরা।

হোঁচট খেল মহমেডান

নগাঁও (অসম), ১০ অক্টোবর ঃ শেষ চারের টিকিট নিশ্চিত হয়ে গিয়েছিল আগেই। বুধবারের ম্যাচ ছিল নেহাতই নিয়মরক্ষার। সেই ম্যাচেই হোঁচট খেল মহমেডান স্পোর্টিং। ৭০তম নগাঁও ইনডিপেন্ডেন্স কাপে গ্রুপ 'এ'-র শেষ ম্যাচে বিএসএফ জলন্ধরের বিরুদ্ধে ১-১ গোলে ড্র করল সাদা-কালো শিবির। ম্যাচের ১৫ মিনিটে চার্লস আটছা এগিয়ে দেন মহমেডানকে। তবে শেষপর্যন্ত সেই অগ্রগমন ধরে রাখতে পারেনি রঘু নন্দীর ছেলেরা। ৩৮ মিনিটে বিএসএফ জলন্ধরের হয়ে সমতা ফেরান কমল কিশোর। দ্বিতীয়ার্ধে বিপক্ষের গোল-মুখ খোলার আপ্রাণ চেষ্টা করলেও দলের স্ট্রাইকারদের ব্যর্থতায় গোল করতে ব্যর্থ হয় সাদা-কালো ব্রিগেড।

এদিন প্রথম দলে তিনটি পরিবর্তন এনেছিলেন মহমেডান কোচ রঘু নন্দী। সেইডু মাডি, স্নেহাশিস দত্ত এবং মহম্মদ আমিরুলের পরিবর্তে প্রথম দলে তিনি সুযোগ দেন চার্লস আটছা, অয়ন চৌধুরি, সুমিত ঘোষকে। টুর্নামেন্টের সেমিফাইনাল নিশ্চিত হয়ে গেলেও এদিন দল জয় না পাওয়ায় হতাশ কোচ রঘু নন্দী। তিনি জানান, 'বিএসএফ জলন্ধর টুর্নামেন্টের অন্যতম শক্তিশালী দল। আমি ছেলেদের সতর্কও করেছিলাম। তবে দ্বিতীয়ার্ধে গোলের সুযোগগুলো কাজে লাগাতে পারলে আমরা জিততে পারতাম।' পাশাপাশি এদিনও ম্যাচে রেফারিং নিয়ে ক্ষোভ প্রকাশ করতে দেখা যায় মহমেডান কোচকে। গ্রুপ 'এ' থেকে চ্যাম্পিয়ন দল হিসেবেই সেমিফাইনালে জায়গা পাকা করে নিয়েছেন ফিলিপ আদজারা। ১২ অক্টোবর মিনার্ভা পাঞ্জাব এফসির বিরুদ্ধে সেমিফাইনালে খেলবে মহমেডান স্পোর্টিং। এদিন অয়েল ইন্ডিয়ার কাছে ০-১ গোলে হেরে গ্রুপ 'বি'র রানার্স হয়ে সেমিফাইনালে জায়গা পাকা করল আই লিগ চ্যাম্পিয়ন মিনার্ভা পঞ্জাব এফসি।

আত্মবিশ্বাসী দেবজিৎ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ অক্টোবর ঃ মোহনবাগান জার্সিতে সাফল্যের পর এটিকে-তে গিয়ে রিজার্ভ বেঞ্চেই কাটাতে হচ্ছে গোলরক্ষক দেবজিৎ মজুমদারকে। যদিও দ্রুত নিজের ফর্ম ফিরে পাওয়ার বিষয়ে আত্মবিশ্বাসী উত্তরপাড়ার বঙ্গসন্তান। তিনি জানিয়েছেন, আশাকরি খুব শীঘ্রই নিজের পুরোনো ফর্ম ফিরে পাব। একইসঙ্গে দেবজিৎ উল্লেখ করেছেন আইএসএলের মঞ্চে ইস্টবেঙ্গল-মোহনবাগানকেও তিনি দেখতে চান।

মিনি হাসপাতাল মোহনবাগান

সনিকে নিয়ে ধীরে চলো নীতি বাগান কর্তাদের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ অক্টোবর ঃ সনি নরডিকে নিয়ে ধোঁয়াশা ক্রমশ বাড়ছে মোহনবাগানে। পঞ্চম বিদেশি হিসেবে মিশরের ওমর এলহুসেইনিকে মনোনীত করার পরও হাইতিয়ান ফুটবলারের জন্য দরজা খোলা রাখছেন বাগান কর্তারা। মঙ্গলবার সন্ধ্যায় সবুজ-মেরুনের পক্ষ থেকে এলহুসেইনির নাম ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যেই ফেসবুকে বিস্ফোরক পোস্ট করে সনি লেখেন,'এই মরশুমেও মোহনবাগানের হয়েই খেলতে চেয়েছিলাম এবং তার জন্য আমি কলকাতায় এসে ডাক্তারি পরীক্ষা দিতেও রাজি ছিলাম। কিন্তু অদ্ভুতভাবে কোনো কর্তাই আমার সঙ্গে যোগাযোগ করার প্রয়োজন বোধ করেননি। তাই পেশাদার ফুটবলার হিসেবে আমি অন্য ক্লাবে চলে যাওয়ার চিন্তাভাবনা করছি।' সোশ্যাল মিডিয়ায় এই পোস্ট ভাইরাল হওয়ার পরই আসরে নামেন এক শীর্ষ কর্তা। হাইতিয়ান তারকাকে বোঝানো হয়, অ্যাটাকিং মিডিয়ো এলহুসেইনিকে ট্রায়ালে দেখা হবে। তারপর তাঁকে নেওয়ার বিষয়ে ভাবনাচিন্তা হবে। এরপরই নিজের পোস্ট মুছে দিয়ে বাগান-জনতাকে স্বস্তি দেন সনি। কর্মকর্তাদের মানসিকতার প্রতিধ্বনিই শোনা গেল বুধবার সকালে কোচ শংকরলাল চক্রবর্তীর গলায়। তিনি জানান,' সনি মোহনবাগানে খেললে সবার মতো আমিও খুশি হব, কিন্তু ও এখনও ক্লাবকে মেডিকেল রিপোর্ট পাঠায়নি। রিয়াল মাদ্রিদ ছেড়ে জুভেন্তাসে যাওয়া রোনাল্ডোকেও ডাক্তারি পরীক্ষা দিতে হয়েছে, এটাই নিয়ম।' সামনেই নির্বাচন, তাই সদস্য-সমর্থকদের নয়নমণি হাইতিয়ান এই তারকাকে নিয়ে কিছুটা ধীরে চলো নীতি নিতে চাইছেন বাগান শীর্ষ কর্তারা।

অন্যদিকে, জীবনপঞ্জি দেখে সালাহর দেশের ফুটবলার এলহুসেইনিকে মনোনীত করা হলেও তাঁকে নিয়ে এখনই কোনো মন্তব্য করতে নারাজ বাগান কোচ। দিয়েগো ফেরেরাই-এর অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে ট্রায়ালে দেখেই বিদেশি চূড়ান্ত করার সিদ্ধান্ত নিয়েছে বাগান টিম ম্যানেজমেন্ট। বুধবার সকালে অনুশীলন শেষে সবুজ-মেরুন কোচ বলেন,' গতবছর দিয়েগো চূড়ান্ত হতাশ করেছিল, যাতে ক্লাবের সময় ও অর্থ নষ্ট হয়। যে কারণে কোচের কাছেও অসুবিধার, একমাস পর কোনো ফুটবলার চলে গেলে।'

এদিকে, আই লিগ যত এগিয়ে আসছে ততই মিনি হাসপাতালে পরিণত হচ্ছে মোহনবাগান। ডেঙ্গুর কবলে গুরজিন্দর, সৌরভ দাসের পর এবার ভাইরাল ফিভারে আক্রান্ত হলেন ডিপান্ডা ডিকা এবং অবিনাশ রুইদাস। বুধবার অনুশীলনে অনুপস্থিত ছিলেন এই দুই ফুটবলার। এছাড়াও ডানহাতের কড়ে আঙুলে চোট পেলেন শিলটন পাল ও কাফ মাসেলে চোট পাওয়া ইউতা মাঠের ধারে সাইডলাইনেই বসে থাকলেন। এদিন তাঁর এমআরআই করা হয়। ফুটবলারদের চোট-অসুস্থতা নিয়ে বাগান কোচ বলেন,'ফুটবলাররা সকলে সতর্কই থাকে। কিন্তু কলকাতার আবহাওয়ার জন্যই জ্বর হচ্ছে তাদের,ফলে কিছু করার নেই।' প্রস্তুতি ম্যাচ বাতিল হওয়ায় বুধবার অনুশীলন হল পুরোদমে । পাশের মাঠেই চলছিল এটিকের অনুশীলন। বাগানের অনেক প্রাক্তনী ছিলেন কোপেলের ক্লাসে। তাই দু-দলের অনুশীলনের মাঝে দেখা গেল মেহতাব-অর্ণব বা আজহার-শেখ ফৈয়াজদের কথা বলতে। ১৩ এবং ১৭ তারিখ দুটি প্রস্তুতি ম্যাচ খেলবেন মেহতাব-শিলটনরা। বৃহস্পতিবার সকালে জিম ও বিকালে আই লিগের জন্য মেডিকেল টেস্ট হবে সবুজ-মেরুন ফুটবলারদের।

নয়াদিল্লিতে মায়ের সঙ্গে একটি অনুষ্ঠানে অলিম্পিক পদকজয়ী শাটলার পি ভি সিন্ধু।

ব্যর্থতার ধারা কাটিয়ে আই লিগে চমক দিতে তৈরি চেন্নাই সিটি

২৬ অক্টোবর থেকে শুরু হচ্ছে পরবর্তী আই লিগ। সাড়ে চার মাসের এই লিগে কার মাথায় উঠবে সেরার শিরোপা, তা সময়ই বলবে। তবে ১১ দলের এই লিগে ক্লাবগুলির দলগঠন এবং তারা কতটা তৈরি তার হদিস দেওয়ার চেষ্টা থাকবে আমাদের প্রতিবেদনে।

বিগত দুই মরশুমের ব্যর্থতা ঝেড়ে ফেলে এবারের আই লিগে ভালো ফল করতে মরিয়া চেন্নাই সিটি এফসি। সাফল্যের সন্ধানে দলকে ঢেলে সাজিয়েছেন কর্ণধার রোহিত রমেশ। সুন্দররাজনকে ছেঁটে ফেলে দলের দায়িত্ব দিয়েছেন সিঙ্গাপুরের কোচ আকবর নাওয়াজকে। আই লিগে নতুন মোড়কে আত্মপ্রকাশ ঘটতে চলেছে চেন্নাই সিটির। হলুদ-সবুজ জার্সির বদলে এবার কমলা রঙের জার্সিতে খেলবেন দলের ফুটবলাররা। কয়েকদিন আগেই নতুন জার্সি উন্মোচন হয়েছে।

ট্যাম্পাইন রোভার্সে কোচিং করানো নাওয়াজ এই প্রথমবার ভারতের কোনো ক্লাবে কোচিং করাচ্ছেন। তারকা নয় প্রতিভাবান ফুটবলারদের উপরই আস্থা রাখছে তামিলনাড়ুর ক্লাব দলটি। পাঁচ বিদেশির কোটা ইতিমধ্যেই পূর্ণ। এরমধ্যে চারজনই স্প্যানিশ। প্রত্যেক বিভাগেই রয়েছেন একজন করে স্প্যানিশ ফুটবলার। রক্ষণে রয়েছেন রবার্ট এসলাভা। মাঝমাঠে রয়েছেন রডরিগেজ এবং নেস্টর গোরডিলো। এর পাশাপাশি আক্রমনভাগে স্প্যানিশ ফরোয়ার্ড পেড্রো মানজিকেই সই করিয়েছেন চেন্নাই সিটি কর্তারা। অস্ট্রেলিয়ার সাউথ মেলবোর্ন ক্লাবে খেলা গোলরক্ষক জেরার্ড টাইসন রয়েছেন চেন্নাইয়ের ক্লাব দলটিতে। অস্ট্রেলিয়ার অনূর্ধ্ব-২০ এবং ২৩ খেলার অভিজ্ঞতা রয়েছেন টাইসনের। একঝাঁক অনামি ফুটবলারদের নিয়েই এবার দল গড়েছে চেন্নাই সিটি এফসি। তবে চার্লস আনন্দরাজের মত কয়েকজন ফুটবলারকে গতবারের দল থেকে রেখে দেওয়া হয়েছে। দলের গড় বয়স ২৭ বছর ৬ মাস। আই লিগের দু-বারই আট নম্বরে শেষ করেছিল তারা। ২০১৭-১৮ মরশুমের১৮ ম্যাচের মধ্যে জয় আসে মাত্র চারটিতে, সাতটিতে ড্র ও বাকি ম্যাচে হারতে হয়েছিল দক্ষিণ ভারতের ক্লাব দলটিকে। তামিলনাড়ুতে স্থানীয় ফুটবল লিগ না হওয়ায় কোনো টুর্নামেন্টে না খেলেই আই লিগে মাঠে নামতে হচ্ছে রোহিত রমেশের দলকে। কোয়েম্বাটোরে নিজেদের ঘরের মাঠেই আই লিগের প্রস্তুতি সারছে তারা। ব্যর্থতা পিছনে ফেলে এবার সামনের দিকে তাকাতে চাইছেন দলের কর্ণধার রোহিত রমেশ। চেন্নাই থেকে ফোনে তিনি জানিয়েছেন, 'বিগত দু-বছরের পারফরম্যান্স এখন অতীত আমরা সামনে দিকে তাকাতে চাই। এবার ভালো ফলের বিষয়ে আত্মবিশ্বাসী।'

দলে একসঙ্গে চারজন স্পেনীয় বিদেশি। তাহলে কি তিকিতাকার ঝলক দেখা যাবে আই লিগে চেন্নাইয়ের ক্লাবটির খেলায়। যদিও কর্নধার জানাচ্ছেন, 'কোন ছন্দে দল খেলবে সেটা কোচ ঠিক করবেন। তবে কোনো চমক দেওয়ার জন্য স্পেনীয় ফুটবলার নেওয়া হয়নি। পারফরম্যান্স দেখেই দলে নেওয়া হয়েছে।' আগামী ২৬ অক্টোবর কোয়েম্বাটোরে জওহরলাল নেহরু স্টেডিয়ামে ইন্ডিয়ান অ্যারোজের বিরুদ্ধে ম্যাচ দিয়ে লিগ অভিযান শুরু করছে আকবর নাওয়াজের দল। তামিলনাড়ু থেকে প্রথম দল হিসাবে আই লিগ খেলা চেন্নাই সিটি এফসিকে তাদের পরিকাঠামো উন্নয়নের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে সাড়ে চার কোটি টাকা অনুদানও দেওয়া হয়েছে।

বিদেশি কোচকে শ্রীশংকরের শহরে পাঠিয়ে প্রশিক্ষণের সিদ্ধান্ত ফেডারেশনের

নয়াদিল্লি , ১০ অক্টোবর ঃ অবশেষে বিলম্বিত বোধোদয় ভারতীয় অ্যাথলেটিকস ফেডারেশনের। পড়াশোনার ক্ষতি হওয়ায় রোমানিয়ান কোচ বেডরোসিয়ানের কাছে প্রশিক্ষণে পাঠানো হচ্ছে না প্রতিশ্রুতিমান অ্যাথলিট শ্রীশংকর মুরালিকে। তার পরিবর্তে রোমানিয়ান কোচকেই আনা হচ্ছে পালাক্কাদে, মুরালির শহরে। টোকিও অলিম্পিকে যে কয়েকজন ভারতীয় ক্রীড়াবিদের পদক পাওয়ার সম্ভাবনা রয়েছে তার মধ্যে অন্যতম লং জাম্পার শ্রীশংকর। এশিয়ান জুনিয়র অ্যাথলেটিকসে ব্রোঞ্জ জয়ের পাশাপাশি ৮.২০ মিটারের ন্যশনাল রেকর্ডও রয়েছে কেরলের এই অ্যাথলিটের ঝুলিতে। কিন্তু পালাক্কাদ ভিক্টোরিয়া কলেজের অঙ্ক অনার্সের ছাত্র শ্রীশংকর কলেজে উপস্থিতি নিয়ে সমস্যায় পড়েছেন । ৭৫ শতাংশ উপস্থিতি না থাকলে তাকে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক পরীক্ষায় বসার অনুমতি দিচ্ছে না কলেজ কর্তৃপক্ষ। এই পরিস্থিতিতে তার ট্রেনিং এবং পড়াশোনা দুটো দিকই বজায় রাখার জন্য রোমানিয়া থেকে বিদেশিকোচকে এদেশে আনার সিদ্ধান্ত নিলেন ফেডারেশন কর্তারা। যা এক কথায় অভিনব এবং নজিরবিহীন। ভারতীয় অ্যাথলেটিকস ফেডারেশনের সভাপতি আদিল সুমারিওয়ালা জানিয়েছেন,' ২০২০ সালে টোকিও অলিম্পিকে পদক পাওয়ার সব রকম সম্ভবনা রয়েছে শ্রীশংকরের মধ্যে, কিন্তু ওর পড়াশুনার যাতে কোন রকম ক্ষতি না হয় তার জন্যই পালাক্কাদেই রোমানিয়ান কোচকে নিয়ে আসার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।এর জন্য সংশিষ্ট শহরে সব রকমের পরিকাঠামো তৈরি করা হবে। শুধু বেডরোসিয়ানই নয় আগামী দিনে কিউবা, নিউজিল্যান্ডের কোচেদের এখানে নিয়ে এসে অ্যাথলিটদের প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা নিয়েছি।' ফেডারেশনের এই সিদ্ধান্তে স্বভাবতই খুশি তরুণ অ্যাথলিট শ্রীশংকর। তিনি জানিয়েছেন,'আমি অত্যন্ত কৃতজ্ঞ ফেডারেশনের কাছে, স্যারকে এখানে পাঠানোর জন্য। খেলাধুলার মত পড়াশোনাও আমার কাছে গুরুত্বপূর্ণ। এরফলে পড়াশোনা এবং প্রশিক্ষণ দুটোই সমানভাবে করতে পারব।'

ইস্টবেঙ্গলের প্রস্তুতি ম্যাচ ভেস্তে গেল

কুয়ালালামপুর, ১০ অক্টোবর ঃ প্রবল বৃষ্টির জন্য বাতিল হয়ে গেল ইস্টবেঙ্গলের দ্বিতীয় প্রস্তুতি ম্যাচ। বুধবার স্থানীয় সময় বিকেল পাঁচটায় মালয়েশিয়ার প্রিমিয়ার ডিভিশনের ক্লাব ইউকেএম এফসির বিরুদ্ধে খেলার কথা ছিল লাল-হলুদ শিবিরের। সেই অনুযায়ী কুয়ালালামপুর থেকে ২৩ কিমি দূরে অবস্থিত সেলাংগরে রওনা দিয়েছিল আলেহান্দ্রো মেনেন্ডেজের টিম ইস্টবেঙ্গল। কিন্তু প্রবল বর্ষণ প্রস্তুতি ম্যাচ আয়োজনে বাধা হয়ে দাঁড়াল। সেলায়াং স্টেডিয়ামে মাঠের বেহাল অবস্থার জন্য ম্যাচ বাতিল করতে বাধ্য হন আয়োজকরা। মালয়েশিয়ার মাটিতে আরও তিনটি প্রস্তুতি ম্যাচ খেলার কথা রয়েছে ইস্টবেঙ্গলের। তবে সেই তিনটি ম্যাচের সময়সূচি এখনও ঠিক হয়নি। বুধবার সকালে গোটা দল নিয়েই অনুশীলন সারেন আলেহান্দ্রো। ম্যাচ বাতিল হওয়ায় হোটেলে ফিরে ফুটবলারদের পুল সেশনে পাঠান তিনি।

জোহরে সেমিতে ভারত

জোহর বাহরু (মালয়েশিয়া), ১০ অক্টোবর ঃ জোহর কাপে বুধবার ভারত ৫-৪ গোলে অস্ট্রেলিয়াকে হারিয়ে সেমিফাইনাল উঠেছে। ৫ মিনিটে পেনাল্টি কর্নার থেকে ভারতকে লিড এনে দেন গুরসাহিবজিৎ সিং। প্রথম কোয়ার্টারে আরও তিন গোল করে অস্ট্রেলিয়াকে ব্যাকফুটে ঠেলে দেয় ভারত। কিন্তু দ্বিতীয় কোয়ার্টার ম্যাচে ফেরে অসিরা। ভারতীয় ডিফেন্সের দুর্বলতার সুযোগে তারা ৪-২ করে ফেলে। ৪৩ মিনিটে শিলানন্দ লাকরার গোলে জয় নিশ্চিত করে ভারত।

মিশরের অনুশীলনে কেন্দ্রীয় চরিত্র মহম্মদ সালাহ।

সালাহর গোলখরা কাটানোর মঞ্চ আফ্রিকান নেশনস কাপ

কায়রো, ১০ অক্টোবর ঃ গত মরশুমে সবধরনের টুর্নামেন্ট মিলিয়ে ৪৪ গোল করে হইচই ফেলে দিয়েছিলেন তিনি। কিন্তু চলতি মরশুমে মাত্র তিনবার গোলের দেখা পেয়েছেন তিনি। যার ফলে লেস্টার সিটির তারকা স্ট্রাইকার জেমি ভার্ডির মতো তাঁকেও 'ওয়ান সিজন ওয়ান্ডার' ভাবতে শুরু করেছেন অনেকেই। যদিও আফ্রিকান নেশনস কাপের যোগ্যতা অর্জন পর্ব মিশরের এহেন তারকা মহম্মদ সালাহর গোল-খরা কাটানোর মঞ্চ হতে চলেছে। যেখানে শুক্রবার তারা অখ্যাত সোয়াজিল্যান্ডের মুখোমুখি হবে। গত মাসে এই টুর্নামেন্টে নাইজারের বিরুদ্ধে মিশরের বিরাট জয়ে লিভারপুলের তারকা জোড়া গোল করেছিলেন। ফলে শুক্রবারও কায়রোতে দলের সেরা স্ট্রাইকারের থেকে এমনই পারফরম্যান্স আশা করছে মিশরের টিম ম্যানেজমেন্ট। লিভারপুলের জার্সিতে বাজে পারফরম্যান্সের কারণে চেলসির বিরুদ্ধে প্রথম একাদশ থেকে বাদ পড়েন সালাহ। তারপরও সালাহর পাশেই দাঁড়িয়েছেন মিশরের প্রাক্তনরা। এপ্রসঙ্গে মিশরের প্রাক্তন তারকা ইসলাম-এল-সাতের বলেছেন, 'গত মরশুমে সালাহ কী করেছে সেটা নিয়ে ওর ভাবা উচিত নয়। বরং ক্লপ যেটা বলছে সেটাই করা উচিত। তাহলেই ও প্রথম একাদশে নিয়মিত খেলতে পারবে।'

যুব অলিম্পিক হকি

ভেনাতুকে ১৬ গোল ভারতের

বুয়েনস আয়ার্স, ১০ অক্টোবর ঃ যুব অলিম্পিকের আসরে ভেনাতুকে গোলের মালা পরাল ভারতীয় মহিলা হকি দল। ভারতের কাছে ১৬-০ গোলের বিশাল ব্যবধানে হারল প্রশান্ত মহাসাগরীয় দ্বীপরাষ্ট্রটি। ভারতের হয়ে চারটি গোল করেন মুমতাজ খান (৮, ১১, ১২, ১৫ মিনিট)। হ্যাটট্রিক করেন চেতনা (৬, ১৪, ১৭ মিনিট)। এছাড়াও ভারতের হয়ে গোল করেন লালরিনসিয়ামি এবং রীত। গোটা ম্যাচে ভেনাতুর গোল লক্ষ্য করে ৪০টি শট নিয়েছেন ভারতীয় দল। এই নিয়ে দুই ম্যাচে ৩২ গোল হজম করে লজ্জার নজির গড়ল ভেনাতুর মহিলা হকি দল।

প্যারা এশিয়াডে সোনা হরবিন্দরের

জাকার্তা, ১০ অক্টোবর ঃ এশিয়ান প্যারা গেমসের আসরে তিরন্দাজিতে সোনা জিতলেন ভারতের হরবিন্দর সিং। ফাইনালে চিনের ঝাও লিক্সিকে ৬-০ ব্যবধানে হারিয়ে দেশের হয়ে সপ্তম সোনা জিতলেন তিনি। হরবিন্দরের সাফল্যের দিনে পুরুষ ডিসকাস থ্রো-র এফ ইলেভেন ক্যাটিগোরিতে রুপো পেলেন ভারতের মনু ঘানগাস। পাশাপাশি পুরুষ শটপুট ইভেন্টের এফ ফর্টিসিক্স ক্যাটিগোরিতে ব্রোঞ্জ এল মহম্মদ ইয়াসিরের হাত ধরে। ট্র্যাক অ্যান্ড ফিল্ডে ডিসকাস থ্রোয়ে মনু ঘানগাস ছুড়লেন ৩৫.৮৯ মিটার। একই ইভেন্টে ৪২.৩৭ মিটার ডিসকাস থ্রো করে গেমসে রেকর্ড গড়লেন সোনাজয়ী ইরানের ওলাদ মেহদি। অন্যদিকে, শটপুটে ১৪.২২ মিটার ছুড়ে ব্রোঞ্জ পেলেন মহম্মদ ইয়াসির। একই ইভেন্টে ১৫.৬৭ মিটার শটপুট থ্রো করে গেমসে রেকর্ড গড়লেন চিনের ওয়েই এনলং।

তিরন্দাজিতে সোনা জয়ের পর হরবিন্দর সিং।

অনুষ্ঠান নানা চ্যানেলে

পাঁচফোড়ন মুর্গ রাঁধবেন পল্লবী ঘোষ। **রাঁধুনি** সন্ধে ৬টায়

গানদরিয়া সিজন টু
পর্বে মায়ের আগমনি। রাত সাড়ে ৯টায়

টেন ডেজ সাইপ্রাস দুপুর ১২টায় ট্র্যাভেল এক্সপিতে

খেলা

স্টার স্পোর্টস টু ঃ প্রো কাবাডি ঃ সন্ধে ৭.৫০ তামিল থালাইভাস বনাম বেঙ্গালুরু বুলস। রাত ৯.০০ ইউপি যোদ্ধা বনাম পাটনা পাইরেটস। **সোনি ইএসপিএন ঃ** বেলা ১১.৩০, পাকিস্তান বনাম অস্ট্রেলিয়া, প্রথম টেস্ট ম্যাচের ৫ম দিনের খেলা দুবাই থেকে। উয়েফা নেশনস লিগ ঃ **সোনি সিক্স টু /সোনি ইএসপিএন/সোনি টেন টু** (সবকয়টি ম্যাচ রাত ১২টায়)

(ম্যাচগুলি দেখুন সরাসরি)

ডিডি বাংলা ঃ সকাল ৭.০০ সকাল সকাল, ১০.৩০ সাঁওতালি অনুষ্ঠান, দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ আজকের রান্না, বিকেল ৩.০০ যুক্তি তক্কো, ৪.০০ কেরিয়ার প্লাস, ৫.০৫ ছায়াছবির গান, ৫.৩০ কৃষি দর্শন, সন্ধে ৬.০০ ক্যামেরা চলছে, ৬.৩০ সুস্বাস্থ্য, ৭.৩০ মুশকিল আসান, রাত ৯.০৫ পুজো আসছে পর্বে আজ বড়োপুজোর থিম, ৯.৩০ দূরদর্শন শারদ অর্ঘ্য-ফাইভ, ১০.০০ সংবাদ প্রবাহ।

হাই জ্যাক রাত ৯টায় স্টার গোল্ড সিলেক্টে

অ্যানিম্যাল প্ল্যানেট এক্সক্লুসিভ সন্ধে ৭টায় অ্যানিম্যাল প্ল্যানেটে

সুপার সিং সন্ধে ৬.০৭ মিনিটে জি সিনেমায়

ডিডি বাংলা ঃ বেলা ১১.৩৫ ডামাডোল
আকাশ আট ঃ দুপুর ১.৩০ সংঘর্ষ
কালার্স বাংলা ঃ দুপুর ২.০০ পরিবার
জলসা মুভিজ ঃ সকাল ১০.১০ বোঝে না সে বোঝে না, দুপুর ১.২০ কেল্লা ফতে, বিকেল ৪.৪৫ বৌদি ডট কম, রাত ৮.০০ টোটাল দাদাগিরি, ১১.২৫ বলো না তুমি আমার
জি বাংলা সিনেমা ঃ সকাল ১০.০০ হ্যালো কলকাতা, দুপুর ১২.০০ অন্ধ বিচার, বিকেল ৩.০০ সিঁদুর নিয়ে খেলা, সন্ধে ৬.০০ মিঃ ফান্টুস, রাত ৯.০০ অনুসন্ধান
জি বলিউড ঃ সকাল ১০.৩৫ রাম লখন, দুপুর ২.২৮ স্যান্ডউইচ, বিকেল ৫.৪৫ ম্যায় খিলাড়ি তু অনাড়ি, রাত ৯.০০ লাডলা, ১২.০৬ লোহা
স্টার গোল্ড সিলেক্ট ঃ বেলা ১১.৫০ বদলাপুর বয়েজ, দুপুর ১.৫০ ভাগ মিলখা ভাগ, বিকেল ৪.৫৫ হাওয়া হাওয়াই, সন্ধে ৬.৫০ আইশা, রাত ৯.০০ হাইজ্যাক, ১০.৪০ ডেভিড
মুভিজ নাও ঃ সকাল ১০.২৫ এজেন্ট কোডি ব্যাঙ্কস, দুপুর ১২.৩০ হ্যারি পটার অ্যান্ড দ্য চেম্বার অফ সিক্রেট, বিকেল ৩.০৫ শাওলিন সকার, ৪.৩৫ ব্রেভ, সন্ধে ৬.৩০ দ্য থার্টিসিক্সথ চেম্বার অফ শাওলিন।